যুগান্তর

২৩/১১/২০০৫

তারিখ ... ... ... ... ... ... ...

# ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাব



আবেগ রহমান

বর্তমান বিশ্ব ভাষা ছাড়া একেবারে অচল। প্রতিটি ক্ষেত্রে ভাষার ভূমিকা অপরিসীম। বাংলাদেশের পেক্ষাপটে এ ব্যাপারে কোন কথা বলার অবকাশ রাখে না। যার পক্ষে যতগুলো ভাষা শিখা থাকছে, সে হয়ে উঠছে তত স্মার্ট, ব্যক্তিত্ববান, সাবলীল আর আত্মবিশ্বাসী। ভাষা দক্ষতার মাধ্যমে নিজেকে কোয়ালিটিসম্পন্ন করে গড়ে তুলছে এমন উদ্ধাহরণ আছে অসংখ্য। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে প্রতিনিয়ত বাড়ছে বিনিয়োগ। দেশী-বিদেশী কোম্পানি গড়ে তুলছে বিভিন্ন প্রতিষ্ঠান। সুযোগ সৃষ্টি হচ্ছে বিভিন্ন ধরনের কর্মসংস্থানের। কিন্তু এই কর্মসংস্থানের সুযোগ নিতে দরকার ওই ভাষাভাষী মানুষের সঙ্গে নিজেকে মিশিয়ে নেয়া। আর তা সম্ভব একমাত্র ভাষার মাধ্যমে। অনেক শিক্ষিত লোক ভাল পজিশনে থেকেও কিছু করতে পারছে না। তার একমাত্র কারণ ভাষাজ্ঞান না থাকা। পত্রিকায় এমনও শোনা যায় ফরেনারদের সঙ্গে ঠিকভাবে কথা বলতে না পারার কারণে বছরে কোটি কোটি টাকা যোগান বন্ধ হয়ে যায়। তাই ভাষা শিক্ষার প্রতি আগ্রহী মানুষের সংখ্যাও কম। তবুও আমাদের দেশে বর্তমানে হাজার প্রতিষ্ঠান ভাষা শিক্ষার ওই গুরুদায়িত্ব পালন করে চলেছে। কিন্তু দক্ষতা দেখাতে পারছে কয়েকটি প্রতিষ্ঠান। সেগুলোর মধ্যে অন্যতম ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাব। ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয় ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাব। ক্লাবের প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠাতা মাসুদ এ খানের দীর্ঘদিনের প্রচেষ্টায় গড়ে ওঠে ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাব। প্রথম দিকে শুধু ইংরেজি শিক্ষা কোর্সে ভাষা শিক্ষাদান চললেও পুরোপুরি বিস্তৃতি ঘটে এ বছরের প্রথম দিকে। ঢাকার আরজতপাড়া থেকে ক্লাবটি চলে আসে মহাখালীর ডিওএইচএস এলাকায়। চালু হয় অফিসিয়াল মাধ্যমে ভাষা শিক্ষা প্রশিক্ষণ। এই অল্প সময়ে অসংখ্য ছাত্রছাত্রী, চাকরিজীবী, ব্যবসায়ী, শিল্পপতি, সরকারি উর্ধ্বতন কর্মকর্তা, প্রকৌশলী, ডাক্তার ও অধ্যাপকরা মেম্বর হয়েছেন ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাবের। একটি বয়সে মানুষ আর স্টুডেন্ট থাকতে চাই না। সেই ধারণাকে মনে রেখে ক্লাবের কাউকে ছাত্র না বলে বলা হচ্ছে মেম্বার। যে কোন কোর্সে অন্তর্ভুক্ত হয়ে যে কেউ ক্লাবের মেম্বার হতে পারেন। মেম্বার হতে লাগবে ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি আর কোর্সের জন্য নির্ধারিত ফি। মেম্বারদের থাকছে বাড়তি সুযোগ হিসাবে নিজেদের কোর্সের পুনরায় ফ্রি প্রশিক্ষণ নেয়ার সুযোগ। প্রত্যেক মেম্বারকে শুদ্ধভাবে এবং আকর্ষণীয় করে বিভিন্ন ভাষায় প্রশিক্ষণের মাধ্যমে কথোপকথনে উৎসাহিত করে গড়ে তোলার উদ্দেশ্য নিয়েই ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাবের যাত্রা শুরু। ক্লাবের রয়েছে প্রথম পর্যায়ের কমিউনিকেটিভ ইংলিশ কোর্স এবং অগ্রসর শিক্ষার্থীদের জন্য অ্যাডভান্সড ইংলিশ কোর্স, শুধু ইংরেজি নয়, আছে ফ্রেঞ্চ ল্যাঙ্গুয়েজ, জাপানিজ ল্যাঙ্গুয়েজ, স্পেনিস ল্যাঙ্গুয়েজ, চাইনিজ ল্যাঙ্গুয়েজ এবং বিদেশীদের জন্য বাংলা ভাষা শিক্ষা কোর্স। আছে দেশী-বিদেশী নিয়ে ৭ থেকে ৮ জন শিক্ষক। প্রতিটি শিক্ষার্থীকে দেয়া হচ্ছে অডিও ভিজুয়াল ও ডায়ালগ পদ্ধতিতে শিক্ষাদান। ইতিমধ্যে ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাবের বিস্তৃতি ঘটেছে বর্তমানে এবং পূর্বেকার মেম্বারদের মাধ্যমে।

**কেন ক্লাবের সদস্য হবেন**

* সম্পূর্ণ রেসিডেন্স এলাকায় নিরিবিলি পরিবেশে শিক্ষাদান করা হয়। * মেম্বার নয় এমন শিক্ষার্থীরাও অবজারভেশন ক্লাস করতে পারেন। * প্রতি মাসে সব ভাষাভাষী মেম্বারকে নিয়ে অনুষ্ঠিত হয় বড় আকারের সেমিনার। * সবার সঙ্গে রাখা হচ্ছে সুপার কমিউনিকেশন। * সম্পূর্ণ ঘরোয়া পরিবেশে চলে ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাবের শিক্ষাদান। * মেম্বারদের জন্য থাকছে ফ্রি কোর্সের ব্যবস্থা। * ভাষা ছাড়াও অ্যাটকেট ও ম্যানারিটি সম্পর্কে শিক্ষাদান। * প্রতিটি কোর্সে শেখানো হচ্ছে নতুন নতুন শব্দ। সঙ্গে সঙ্গে তা ব্যাখ্যার মাধ্যমে বুঝিয়ে দেয়া হচ্ছে। * মহিলাদের জন্য থাকছে আলাদা কোর্সের সুযোগ।

**যোগাযোগ**

ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাব
রোড নং-২৯, বাড়ি নং-৩৯৫
নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।